

আন্দোলনে নামছেন পুল শিক্ষকরা

সিদ্ধান্ত রিপোর্টার বণ্ডা

সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলির পুল (রিজার্ভ) শিক্ষক পদে উত্তীর্ণ প্রার্থীরা আন্দোলনে নামছেন। দীর্ঘ ৯ মাসেও নিয়োগ না দেয়ায় তারা আন্দোলন শুরু করবেন। অবিলম্বে নিয়োগ দেয়া না হলে বৃহত্তর আন্দোলন গড়ে তোলারও হুমকি দিয়েছেন তারা। এ আন্দোলনে সারাদেশের প্রায় ১৫ হাজার প্রার্থী যোগ দিচ্ছেন। তারা বণ্ডা থেকেই আন্দোলন শুরু করায় ঘোষণা দিয়েছেন। বণ্ডা প্রেসক্লাব মিলনায়তনে রোববার দুপুরে বণ্ডা জয়পুরহাট, নওগাঁ এবং গাইবান্ধার আগপাশের কয়েকটি জেলায় শিক্ষকরা সংবাদ সম্মেলনে এ কথা জানিয়েছেন। সংবাদ সম্মেলনে বিবিত্ত বক্তব্য পাঠ করেন পুল শিক্ষক নেতা আবদুস সাফি আজাদ।

দেশের ৩৭ হাজার ৬৭২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১ লাখ ৮০ হাজার সহকারী শিক্ষক রয়েছেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এই শিক্ষকদের বিপরীতে প্রথমবারের মতো ১০ শতাংশ হারে ১৮ হাজার নিত

রিজার্ভ (পুল) পদ সৃষ্টি করে। সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলির সহকারী শিক্ষকদের ছুটি ও প্রশিক্ষণের কারণে সাময়িক পাঠদানের জন্য এ পদ সৃষ্টি করা হয়। এ বিষয়ে একটি নীতিমালাও তৈরি করা হয়। পূর্বে দায়িত্ব পাওয়ার পর প্রত্যেক শিক্ষক প্রতি মাসে ৬ হাজার টাকা বেতন পাবেন। ৬ মাস পর তারা সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ পাবেন। পুল শিক্ষকরা প্রাথমিক শিক্ষক পুল ব্যবস্থাপনা কমিটির নিয়ন্ত্রণে থাকবেন।

**সংবাদ সম্মেলনে
ঘোষণা**

গত বছরের মার্চ মাসে সহকারী শিক্ষকের পুন্যাপনে নিয়োগের জন্য সারাদেশে পরীক্ষা নেয়া হয়। ১৪ আগস্ট ফল প্রকাশ করা হয়। এতে পুন্যাপনের বিপরীতে ১২ হাজার ৭০১ জনকে বিভিন্ন ক্যান্টনে নিয়োগ দেয়া হয়। অবশিষ্ট পরীক্ষার্থীদের মধ্যে ১৫ হাজার ১৯ জনকে পুল শিক্ষক হিসেবে উত্তীর্ণ দেখানো হয়। তাদের পর্যায়ক্রমে নিয়োগ দেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয় আগ্রহ নেয়। এ সময় আক্কেলপুরের শামীম (সে. ...) উপস্থিত ছিলেন। বণ্ডার মাসুদ রানাসহ অর্ধশতাধর উপস্থিত ছিলেন।